



প্রেস বিজ্ঞপ্তি

অটোমোবাইল এসোসিয়েশন অব বাংলাদেশ “ জাতীয় সড়ক নিরাপত্তা দিবস ২০২৪ ” উদযাপন

তারিখঃ ২২ অক্টোবর ২০২৪

স্থানঃ অটোমোবাইল এসোসিয়েশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, ৩বি আউটার সার্কুলার রোড, মগবাজার, ঢাকা - ১২১৭।

সময়ঃ সকাল ১০:৩০ টা থেকে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত।

অটোমোবাইল এসোসিয়েশন অব বাংলাদেশ (এএবি) এর প্রধান কার্যালয়ে (৩বি আউটার সার্কুলার রোড, মগবাজার, ঢাকা -১২১৭) অদ্য ২২ অক্টোবর ২০২৪ তারিখে জাতীয় সড়ক নিরাপত্তা দিবস পালন করে। এবারের মূল প্রতিপাদ্য “ছাত্র জনতার অঙ্গীকার, নিরাপদ সড়ক হোক সবার” যা বিআরটিএর সাথে সামঞ্জস্য রেখে এএবি তাদের কার্যক্রম পরিচালনা করে।

মনির হোসেন, সহকারী পুলিশ কমিশনার (ট্রাফিক) উক্ত অনুষ্ঠানটির শুভ উদ্বোধন ঘোষণা করেন এবং সড়ক নিরাপত্তা সম্পর্কে উল্লেখযোগ্য বক্তব্য প্রদান করেন।

ব্যারিষ্টার আজমালুল হোসেন, সভাপতি, এএবি, স্পেনের ভ্যালেন্সিয়া শহর থেকে জাতীয় সড়ক নিরাপত্তা দিবস পালনে একটি ভিডিও বার্তায় বাংলাদেশে সড়ক নিরাপত্তায় কি কি উদ্যোগ গ্রহণ করা যেতে পারে সেই বিষয়ে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন। তিনি বলেন “নিরাপদ সড়ক আমাদের প্রয়োজন, এটা আমাদের দায়ী” কারণ হিসেবে তিনি বলেন প্রতিদিন আমাদের দেশে এবং পৃথিবীতে অনেক নিহত ও আহত হন। এই সকল দুর্ঘটনা রোধ করার জন্য অটোমোবাইল এসোসিয়েশন অব বাংলাদেশ সড়ক নিরাপত্তায় যারা সংশ্লিষ্ট আছে তাদের সাথে কাজ করছে।

তিনি আরো জানান যে, বাংলাদেশ থেকে একটি জাতীয় মোটরস্পোর্টস দল এবং তাদের কয়েকজন সহযোগীকে এএবি স্পেনে এ এফআইএ মোটরস্পোর্টস গেমস ২০২৪ এ অংশগ্রহণ করার জন্য পাঠিয়েছে, যা শুরু হবে আগামী ২৩শে অক্টোবর। এফআইএ হচ্ছে পৃথিবীতে মোটরস্পোর্টস এর রেগুলেটর।

এছাড়াও উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে ব্যারিষ্টার সৈয়দ আহরারুল হোসেন, ডিরেক্টর অব স্পোর্টস, এএবি এবং চট্টগ্রাম এর স্বেচ্ছাসেবক দল ভারুয়ালী যুক্ত হন। উক্ত অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন তাহনিয়া কাদেরী (সিওও, এএবি), মারুফ আল মামুন (সিটিও, এএবি), ফজলে রাবি মোল্লা (স্বেচ্ছাসেবক), মামুন হোসেন (স্বেচ্ছাসেবক), মোঃ ইখতিয়ার হোসেন (ডেপুটি ডিরেক্টর অব স্পোর্টস (ট্রেডিশনাল), এএবি), ইব্রাহিম খলিলুল্লাহ (মোটরস্পোর্ট ড্রাইভার), তাহজিব রেজয়ান সাফিন (মোটরস্পোর্ট ড্রাইভার) এবং এছাড়াও উপস্থিত দর্শকদের মধ্যে আরো অনেকে সড়ক নিরাপত্তার বিষয়ে তাদের মূল্যবান বক্তব্য রাখেন। বক্তব্যের মূল প্রতিপাদ্য বিষয় ছিল, আমাদের দেশের সড়ক নিরাপত্তার জন্য ব্যক্তি পর্যায়ে কি কি উদ্যোগ গ্রহণ করতে পারি। যেমনঃ সাইকেল বা মোটরসাইকেল চানানোর সময় হেলমেট পরিধান করা, গাড়ি চালানোর সময় সিটবেল্ট বাধা, রাস্তা পারা পারে ফুটওভার ব্রীজ ব্যবহার করা, গাড়ি চালানোর সময় ফোনে কথা না বলা, ক্লাস্তিবোধ করলে বিরতি নেয়া, হাটার জন্য ফুটপাথ নিরাপদ করা, উল্টো পথে গাড়ি না চালানো, যেখানে সেখানে গাড়ি পার্কিং না করা, অন্য চালকদের প্রতি সহানুভূতিশীল হওয়া, মাদকাসক্ত অবস্থায় গাড়ি না চালানো, বাসা থেকে বের হওয়ার সময় গাড়ির চাকা পরীক্ষা করা, মহাসড়কের বিধি মেনে চলা ইত্যাদি। উপরোক্ত সড়ক নিরাপত্তার সচেতনতামূলক প্রচারণা আমাদের দেশে সড়ক দুর্ঘটনা কমাতে ও প্রাণ বাঁচাতে সহায়ক হবে।

জাতীয় সড়ক নিরাপত্তা দিবস পালনে এএবি উপরোক্ত সচেতনতামূলক প্রচারণার জন্য পথচারী, মোটরসাইকেল ড্রাইভার, বাস ড্রাইভার, প্রাইভেটকার ড্রাইভার, সিএনজি ড্রাইভারদের মাঝে এফআইএ ‘১০ স্বর্ণালী নিয়মাবলী’ এবং সচেতনতামূলক লিফলেট ও স্টীকার বিলি করে, অফিস প্রাঙ্গন থেকে মগবাজার মোড় থেকে অফিস পর্যন্ত সমাবেশ করে, আন্তর্জাতিক ড্রাইভিং পারমিট আবেদনকারীদের মাঝে এফআইএ ‘১০ স্বর্ণালী নিয়মাবলী’ এবং সচেতনতামূলক লিফলেট ও স্টীকার বিলি করে, কিছু সচেতনতামূলক ব্যানার প্রদর্শন করা হয়, ডিজিটাল ব্যানার প্রদর্শন করা হয়।

জাতীয় সড়ক নিরাপত্তা দিবস ২০২৪ এর সড়ক নিরাপত্তায় এএবি এর চট্টগ্রামের স্বেচ্ছাসেবক দল চট্টগ্রাম এর ষোল শহর এলাকায় নিরাপদ সড়ক এর জন্য লিফলেট, এফআইএ ‘১০ স্বর্ণালী নিয়মাবলী’ এবং সচেতনতামূলক লিফলেট ও স্টীকার বিলি করে পথচারী, মোটরসাইকেল ড্রাইভার, বাস ড্রাইভার, প্রাইভেটকার ড্রাইভার, সিএনজি ড্রাইভারদের মাঝে।

এএবি এর উপরোক্ত জাতীয় সড়ক নিরাপদ দিবসে সড়ক নিরাপত্তায় ভূমিকা রাখার বিষয়টি আপনাদের প্রিন্ট মিডিয়া অথবা ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারণার মাধ্যমে আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।

নিবেদক,

তাহনিয়া কাদেরী

সিওও

অটোমোবাইল এসোসিয়েশন অব বাংলাদেশ

৩বি আউটার সার্কুলার রোড, মগবাজার, ঢাকা - ১২১৭।

